

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
(নার্সিং শাখা)

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.২০১৫- ৪৭০

তারিখঃ ১৯ কার্তিক ১৪২৩  
০৩ নভেম্বর ২০১৬

বিষয়ঃ বেসরকারি পর্যায়ে মিডওয়াইফারি ইনস্টিটিউট অনুমোদন প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৮-০৬-২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির সভার সুপারিশ অনুসরণে নিম্নোক্ত ০২টি বেসরকারি মিডওয়াইফারি ইনস্টিটিউটকে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো:

বেসরকারী পর্যায়ে মিডওয়াইফারি ইনস্টিটিউট অনুমোদনঃ

ক্রমিক	সিদ্ধান্তসমূহ
১	<p>নর্থ ইস্ট নার্সিং কলেজ, দক্ষিন সুরমা, সিলেটকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে ৪০ (চল্লিশ) জন শিক্ষার্থী ভর্তির অনুমোদন প্রদান করা হলো:</p> <p><b>শর্তাবলীঃ</b></p> <ol style="list-style-type: none"> <li>১. ইনস্টিটিউটে বিএনসি'র নির্দেশনা এবং সরকারি ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।</li> <li>২. শিক্ষক ও স্টাফদের আলাদা আলাদা ফাইল সংরক্ষণ করতে হবে।</li> <li>৩. যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতঃ শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে।</li> <li>৪. শিক্ষক ও অন্যান্য স্টাফ লিখিত নিয়োগপত্র দ্বারা নিযুক্ত হবেন যাতে অবশ্যই চাকুরীর শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে কোন ক্রমেই সরকারী বেতন কাঠামোর চেয়ে কম বেতন প্রদান করা যাবেনা। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং কাউন্সিলে প্রেরণ করতে হবে।</li> <li>৫. মিডওয়াইফারি ল্যাবে নীতিমালায় উল্লিখিত ইকুইপমেন্টের সংখ্যা শিক্ষার্থী অনুপাতে বৃদ্ধি করতে হবে।</li> <li>৬. ভর্তি পরীক্ষা ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বাংলাদেশ নার্সিং কাউন্সিলের প্রতিনিধি রাখতে হবে।</li> <li>৭. লাইব্রেরীতে দেশী-বিদেশী আধুনিক মিডওয়াইফারি বিষয়ক বই, জার্নাল, ম্যাগাজিন এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।</li> <li>৮. এ ছাড়াও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নার্সিং শাখার ১০-০৯-২০১৪ তারিখের ৪৮৫ নম্বর স্মারকে জারীকৃত নীতিমালা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।</li> </ol>
২	<p>আরটিএমআই, সিলেটকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে ৩০ (ত্রিশ) জন শিক্ষার্থী ভর্তির অনুমোদনের প্রদান করা হলো:</p> <p><b>শর্তাবলীঃ</b></p> <ol style="list-style-type: none"> <li>১. ইনস্টিটিউটে বিএনসি'র নির্দেশনা এবং সরকারি ভর্তি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে যথাযথ যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করতঃ শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত রক্ষা করতে হবে।</li> <li>৩. শিক্ষক ও স্টাফদের আলাদা আলাদা ফাইল সংরক্ষণ করতে হবে।</li> <li>৪. শিক্ষক ও অন্যান্য স্টাফ লিখিত নিয়োগপত্র দ্বারা নিযুক্ত হবেন যাতে অবশ্যই চাকুরীর শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে কোন ক্রমেই সরকারী বেতন কাঠামোর চেয়ে কম বেতন প্রদান করা যাবেনা। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং কাউন্সিলে প্রেরণ করতে হবে।</li> <li>৫. লাইব্রেরীতে আরও দেশী-বিদেশী আধুনিক নার্সিং ও স্বাস্থ্য বিষয়ক বই, জার্নাল, সাময়িকি ও পত্রিকা রাখা নিশ্চিত করতে হবে।</li> <li>৬. ছাত্রীদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ও নিরাপত্তাসহ হোস্টেল ব্যবস্থা নিশ্চিত করতে হবে।</li> <li>৭. মিডওয়াইফারি ল্যাবে নীতিমালায় উল্লিখিত ইকুইপমেন্টের সংখ্যা শিক্ষার্থী অনুপাতে বৃদ্ধি করতে হবে।</li> <li>৮. ভর্তি পরীক্ষা ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বাংলাদেশ নার্সিং কাউন্সিলের প্রতিনিধি রাখতে হবে।</li> <li>৯. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে।</li> <li>১০. এ ছাড়াও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নার্সিং শাখার ১০-০৯-২০১৪ তারিখের ৪৮৫ নম্বর স্মারকে জারীকৃত নীতিমালা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।</li> </ol>

(স্বঃ লুৎফর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ  
১। মন্ত্রিসভা কার্যালয়, মন্ত্রিসভা হাউস, মন্ত্রিসভা  
২। অফিস, গণপ্রজাতন্ত্রী সরকার, ঢাকা।

নং-৪৫.১৫৮.১১১.০০.০০.০০৫.২০১৫-

তারিখঃ ১৯ কার্তিক ১৪২৩  
০৩ নভেম্বর ২০১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিভিল সার্জন, - - - - -।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। ভারপ্রাপ্ত পরিচালক, সেবা পরিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের নীতিমালার ৫.৬ অনুচ্ছেদ অনুযায়ী কাউন্সিলের নিবন্ধন ও প্রচলিত নিয়মানুযায়ী পরবর্তী অন্যান্য কার্যক্রম গ্রহণসহ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/ফুগ্যসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও ফুগ্যসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ কুষ্ফর রহমান)  
সিনিয়র সহকারী সচিব